# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যার হাত ও জবান থেকে মুসলিমরা নিরাপদ থাকেন, তিনি উত্তম মুসলিম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ كَانَ مِنْ أَسْلَمِهِمْ إِسْلَامًا

আরবী

أَخْبَرَنَا عَبْدَانُ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَعْمَرٍ قَالَ حَدَّثَنَا أبو عاصم عن بن جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "أَسْلَمُ الْمُسْلِمِينَ إِسْلَامًا مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ ويده.

الراوي : جَابِرِ بْنَ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 197 | خلاصة حكم المحدث: شاذ.

বাংলা

১৯৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: ’ইসলামের দিক দিয়ে মুসলিমদের মাঝে ঐ ব্যক্তি শ্রেষ্ঠ ইসলামের অধিকারী যার হাত ও জবান থেকে মুসলিমরা নিরাপদ থাকেন।’[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৪১; ইবনু মান্দাহ, আল ঈমান: ৩১৪; বাইহাকী, আস সুনান: ১০/১৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ বলেন:

شاذ بالزيادة في أوله , والمحفوظ بهذا الإسناد عن جابر: ((المسلم من سلم .... )) -

অর্থ: হাদীসের প্রথমে বর্দ্ধিত অংশ শায (দুর্বল), মাহফুয বর্ণনা হলো এই সানাদে জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে

বর্ণিত: ‘মুসলিম ঐ ব্যক্তি যার হাত ও জবান থেকে মুসলিমরা নিরাপদ থাকেন। (দ্রষ্টব্য: আয য‘ঈফা: ২৭৬৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88408

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন